# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৯৮

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/২৬. যে ব্যক্তি বেজোড় সংখ্যকবার সুরমা লাগায়

بَاب مَنْ اكْتَحَلَ وِتْرًا

আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عُمَرَ، حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ الصَّبَّاحِ، عَنْ ثَوْرِ بْنِ يَزِيدَ، عَنْ حُصَيْنٍ الْحِمْيَرِيِّ، عَنْ أَبِي سَعْدِ الْخَيْرِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَنِ اكْتَحَلَ فَلْيُوتِرْ مَنْ فَعَلَ فَقَدْ أَحْسَنَ وَمَنْ لاَ فَلاَ حَرَجَ " .

বাংলা

১/৩৪৯৮। আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি সুরমা লাগায়, সে যেন বেজোড় সংখ্যকবার লাগায়। যে তা করলো, সে ভালো করলো এবং যে তা করলো না, তার দোষ হবে না।

## English

It was narrated from Abu Hurairah that the Prophet (ﷺ) said: “Whoever applies kohl, let him do it an odd number of times. Whoever does that has done well, and whoever does not, it does not matter.”

ফুটনোট

আবূ দাউদ ৩৫, মিশকাত ৩৫২, যইফ আবু দাউদ ৯। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী হুসায়ন আল-হিময়ারী সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তার সম্পর্কে কিছু জানা যায়না। আবু যুরআহ আর-রাযী তাকে শায়খ হিসেবে উল্লেখ করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৩৭৮, ৬/৫৫০ নং পৃষ্ঠা) ২. আবু সাঈদ আল-খায়র সম্পর্কে আবুল হাসান ইবনুল কাত্তান বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তার হাদিস মুত্তাসিল নয়। আবু যুরআহ আর-রাযী বলেন, আমি তাকে চিনি না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ তবে তিনি কে তা অজ্ঞাত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৩৮৫, ৩৩/৩৪৫ নং

পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44462

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন